

প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১৭:২৫  
আপডেট : ৩ ডিসেম্বর, ২০১৭ ০১:০৮

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

# ছেলের কবরে চিরনিদ্রায় শায়িত আনিসুল হক

| অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

রাজধানীর বনানী কবরস্থানে ছোট ছেলে শারাফুল হকের কবরে চিরনিদ্রায় শায়িত হলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। শনিবার বিকেল ৫টায় বনানী কবরস্থানে তাকে দাফন করা হয়।

এর আগে রাজধানীর আর্মি স্টেডিয়ামে বিকেল ৪টা

২০ মিনিটে লাখো জনতার অংশগ্রহণে তার

নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। মেয়র আনিসুল হকের জানাজায় অংশ নিতে সেখানে আগে থেকেই অপেক্ষা করছিলেন সর্বস্তরের মানুষ।

গত ২৯ জুলাই নাতির জন্ম উপলক্ষে স্ত্রী রুবানা হককে নিয়ে যুক্তরাজ্যে যান আনিসুল হক। সেখানে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে ১৩ অগাস্ট তাকে হাসপাতালে ভর্তি করা হয়। প্রায় সাড়ে ৩ মাস চিকিৎসাধীন থাকার পর বৃহস্পতিবার মারা যান তিনি।

গত শুক্রবার লন্ডনের রিজেন্ট পার্ক সেন্ট্রাল মসজিদে বাদ জুমা আনিসুল হকের প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় সেখানকার বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি, কমিউনিটি নেতৃবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও শুভানুধ্যায়ীরা অংশ নেন।

বিডি প্রতিদিন/০২ ডিসেম্বর ২০১৭/আরাফাত